
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd




স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.৪৯.১৯৪.২৪-১৯০

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪৩৩ / ১১ আগষ্ট ২০২৬

বিষয়ঃ **জাতীয় যুব কাউন্সিল (গঠন,কাঠামো,কর্মপদ্ধতি ও ব্যবস্থাপনা) বিধিমালা ২০২১ এর সংশোধনী এস. আর. ও নং- ২৩১-আইন/২০২৬ মোতাবেক উপজেলা মনোনয়ন কমিটি গঠন।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় যুব কাউন্সিল গঠনের লক্ষ্যে জাতীয় যুব কাউন্সিল (গঠন, কাঠামো, কার্যপদ্ধতি ও ব্যবস্থাপনা) বিধিমালা ২০২১ এর সংশোধনী এস. আর. ও নং- ২৩১-আইন/২০২৬ মোতাবেক জাতীয় যুব কাউন্সিল এর সাধারন পরিষদ ও কার্যনির্বাহী পরিষদ গঠনের লক্ষ্যে নিম্নরুপভাবে উপজেলা মনোনায়ন কমিটি গঠনের উল্লেখ রয়েছে (মূল ও সংশোধিত গেজেট কপি সংযুক্ত) ।

(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যিনি উহার উপদেষ্টাও হইবেন;
(খ) উপজেলা নির্বাহী অফিসার, যিনি উহার সভাপতিও হইবেন;
(গ) উপজেলা কৃষি কর্মকর্তা;
(ঘ) উপজেলা মৎস্য কর্মকর্তা;
(ঙ) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা;
(চ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা;
(ছ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা;
(জ) উপজেলা সমবায় কর্মকর্তা;
(ঝ) স্থানীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত উক্ত উপজেলার ২(দুই) জন প্রথিতযশা ব্যক্তি যাহাদের মধ্যে ১ (এক) জন পুরুষ ও ১(এক) জন নারী হইবেন;
(ঞ) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত বেসরকারি সংস্থার (এনজিও) ১(এক) জন প্রতিনিধি;
(ট) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত যুব সংগঠনের ১(এক) জন প্রতিনিধি; এবং
(ঠ) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,যিনি উহার সদস্য-সচিবও ইইবেন।

০২। এমতাবস্থায়, জাতীয় যুব কাউন্সিলের উপজেলা মনোনয়ন কমিটি গঠনের নিমিত্ত আগামী ০১ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে স্থানীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত উক্ত উপজেলার ২ (দুই) জন প্রথিতযশা ব্যক্তি যাহাদের মধ্যে ১(এক) জন পুরুষ ও ১(এক) জন নারী, বেসরকারি সংস্থার (এনজিও) ১ (এক) জন প্রতিনিধি এবং যুব সংগঠনের ১(এক) জন প্রতিনিধি মনোনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: গেজেট কপি......পাতা।

১১.০৮.২০২৬
(মো: মোতাহার হোসেন)
মহাপরিচালক
ফোনঃ ০২-২২৩৩৮৯৩৮৯
Email: dg@dyd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
..................উপজেলা (সকল) ।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.৪৯.১৯৪.২৪-১৯০


তারিখঃ ২৭ শ্রাবন ১৪৩৩
১১ আগষ্ট ২০২৬

অনুলিপি সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

০১। জেলা প্রশাসক.........................(সকল জেলা)।
০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপ-পরিচালক........................(সকল জেলা), যুব উন্নয়ন অধিদপ্তর।
০৫। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল).................থানা/উপজেলা,যুব উন্নয়ন অধিদপ্তর। (তাঁকে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সাথে যোগাযোগ পূর্বক উপজেলা মনোনয়ন কমিটি গঠনের সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো)।
০৭। অফিস কপি।

১১।৮।২০২৬

মোঃ আঃ হামিদ খান)
পরিচালক
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও যুব সংগঠন
ফোন: ০২-২২৩৩৮০৭৫৬





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd


স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.৪৯.১৯৪.২৪-১৯১

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪৩৩ / ১১ আগষ্ট ২০২৬

বিষয়ঃ **জাতীয় যুব কাউন্সিল (গঠন,কাঠামো,কর্মপদ্ধতি ও ব্যবস্থাপনা) বিধিমালা ২০২১ এর সংশোধনী এস. আর .ও নং- ২৩১-আইন/২০২৬ মোতাবেক জেলা মনোনয়ন কমিটি গঠন।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় যুব কাউন্সিল গঠনের লক্ষ্যে জাতীয় যুব কাউন্সিল (গঠন, কাঠামো, কার্যপদ্ধতি ও ব্যবস্থাপনা) বিধিমালা ২০২১ এর সংশোধনী এস. আর. ও নং- ২৩১-আইন/২০২৬ মোতাবেক জাতীয় যুব কাউন্সিল এর সাধারন পরিষদ ও কার্যনির্বাহী পরিষদ গঠনের লক্ষ্যে নিম্নরুপভাবে জেলা মনোনায়ন কমিটি গঠনের উল্লেখ রয়েছে (মূল ও সংশোধিত গেজেট কপি সংযুক্ত) ।

(ক) জেলার সদর আসনের সংসদ সদস্য, যিনি উহার উপদেষ্টাও হইবেন;
(খ) জেলা প্রশাসক,যিনি উহার সভাপতিও হইবেন;
(গ) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;
(ঘ) জেলা মৎস্য কর্মকর্তা;
(ঙ) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা;
(চ) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর;
(ছ) উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর;
(জ) জেলা সমবায় কর্মকর্তা;
(ঝ) জেলার সদর আসনের সংসদ সদস্য কর্তৃক মনোনীত উক্ত জেলার ২(দুই) জন প্রথিতযশা ব্যক্তি যাহাদের মধ্যে ১(এক) জন পুরুষ ও ১(এক) জন নারী হইবেন;
(ঞ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত বেসরকারি সংস্থার (এনজিও) ১(এক) জন প্রতিনিধি;
(ট) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত যুব সংগঠনের ১(এক) জন প্রতিনিধি; এবং
(ঠ) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,যিনি উহার সদস্য-সচিবও ইইবেন।

০২। এমতাবস্থায়, জাতীয় যুব কাউন্সিলের জেলা মনোনয়ন কমিটি গঠনের নিমিত্ত আগামী ০১ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে স্থানীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত উক্ত উপজেলার ২ (দুই) জন প্রথিতযশা ব্যক্তি যাহাদের মধ্যে ১(এক) জন পুরুষ ও ১(এক) জন নারী, বেসরকারি সংস্থার (এনজিও) ১ (এক) জন প্রতিনিধি, এবং যুব সংগঠনের ১(এক) জন প্রতিনিধি মনোনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: গেজেট কপি......পাতা।

১১.০৮.২০২৬


(মো: মোতাহার হোসেন)
মহাপরিচালক
ফোনঃ ০২-২২৩৩৮৯৩৮৯
Email: dg@dyd.gov.bd


জেলা প্রশাসক
...................(সকল জেলা)।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.৪৯.১৯৪.২৪-১৯১

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪৩৩
১১ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

০১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার.....................(সকল উপজেলা।
০৪। উপপরিচালক.................( সকল জেলা), যুব উন্নয়ন অধিদপ্তর।
(তাঁকে জেলা প্রশাসক মহোদয়ের সাথে যোগাযোগ পূর্বক জেলা মনোনয়ন কমিটি গঠনের সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো)।
০৫। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল)...............থানা/উপজেলা,যুব উন্নয়ন অধিদপ্তর।
০৭। অফিস কপি।

১১/৮/২০২৬

(মোঃ আঃ হামিদ খান)
পরিচালক
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও যুব সংগঠন
ফোন: ০২-২২৩৩৮০৭৫৬

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২৩, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**যুব-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/২২ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং-২৩১-আইন/২০২৬।**—যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ (২০১৫ সনের ০৮ নং আইন) এর ধারা ১৯, ধারা ১৩ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় যুব কাউন্সিল (গঠন, কাঠামো, কার্যপদ্ধতি ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৩। **জাতীয় যুব কাউন্সিলের কর্মপরিধি।**—জাতীয় যুব কাউন্সিলের কর্মপরিধি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) যুবদের কর্মসংস্থান বা আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে এলাকাভিত্তিক চাহিদা নিরূপণ এবং যুবদের বিভিন্ন সমস্যা সম্পর্কে তথ্য সংগ্রহ, তথ্য বিনিময় ও গবেষণা কার্যক্রম পরিচালনা;

(খ) আধুনিক বিশ্বের যুব সমাজের সহিত সম্পৃক্ততা বৃদ্ধির ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং জাতীয় ও আন্তর্জাতিক যুব ফোরামসমূহের সহিত যোগাযোগ রক্ষা করা;

(গ) যুবদের উন্নয়নে কর্মপরিকল্পনা বাস্তবায়নে ভূমিকা রাখা;

(ঘ) সমসাময়িক সামাজিক সমস্যার বিষয়ে যুবদের করণীয় নির্ধারণ এবং এতদ্‌সংক্রান্ত উদ্যোগ গ্রহণ;

(ঙ) জাতীয় দুর্যোগ মোকাবেলায় স্বেচ্ছাসেবী হিসাবে সরকারের উদ্যোগে অংশগ্রহণ; এবং

(চ) মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে যুব উন্নয়ন অধিদপ্তরের সহযোগী সংস্থা হিসাবে যুব কার্যক্রম বাস্তবায়ন করা।"।



মূল্য : টাকা ৮.০০

(২) বিধি ৫ এর—

(ক) উপ-বিধি (১) এর—

(অ) দফা (খ) তে উল্লিখিত "কর্মকর্তা" শব্দের পরিবর্তে "অফিসার" শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) দফা (ঝ) তে উল্লিখিত "স্থানীয় সংসদ" শব্দগুলির পর "সদস্য" শব্দ সন্নিবেশিত হইবে; এবং

(খ) উপ-বিধি (২) এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(গ) বহুল প্রচারিত বাংলা ও ইংরেজি ২ (দুই) টি দৈনিক পত্রিকায় উন্মুক্ত বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে, যুব কাউন্সিলের সদস্য হইবার জন্য আবেদন দাখিলের সর্বশেষ তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীদের মধ্য হইতে ১ (এক) জন যুব পুরুষ ও ১ (এক) জন যুব নারী মনোনয়ন প্রদান করিয়া সংশ্লিষ্ট কাগজপত্রসহ জেলা মনোনয়ন কমিটির নিকট সুপারিশ আকারে প্রেরণ করা; এবং"।

(৩) বিধি ৬ এর উপ-বিধি (২) এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(গ) উপজেলা মনোনয়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের নামের তালিকা প্রাপ্তির পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সুপারিশকৃত প্রার্থীদের মধ্য হইতে ২ (দুই) জন বা তাহার অধিক যুব পুরুষ ও ২ (দুই) জন বা তাহার অধিক যুব নারী সদস্য নির্বাচন করিয়া কমিটির কার্যবিবরণী, প্রার্থীদের আবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্রসহ কেন্দ্রীয় মনোনয়ন কমিটির নিকট সুপারিশসহ প্রেরণ করা;"।

(৪) বিধি ৭ এর—

(ক) উপ-বিধি (১) এর—

(অ) দফা (ঠ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঠ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ঠ) পরিচালক (সিড ফাইন্যান্সিং), যুব উন্নয়ন অধিদপ্তর;";

(আ) দফা (ড) তে উল্লিখিত "শেখ হাসিনা" শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(ই) দফা (থ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (থ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(থ) পরিচালক (বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন), যুব উন্নয়ন অধিদপ্তর, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।"; এবং

(খ) উপ-বিধি (২) এর—

(অ) দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ক) জাতীয় যুব কাউন্সিলের সাধারণ পরিষদ গঠনের লক্ষ্যে জেলা মনোনয়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের নামের তালিকা প্রাপ্তির পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রাপ্ত তথ্য-উপাত্ত পর্যালোচনাপূর্বক চূড়ান্তভাবে প্রত্যেক জেলা হইতে ২ (দুই) জন যুব পুরুষ ও ২ (দুই) জন যুব নারী মনোনয়নপূর্বক মোট ২৫৬ (দুইশত ছাপ্পান্ন) জন সদস্যের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ:

তবে শর্ত থাকে যে, প্রশাসনিক বা অন্য কোনো যুক্তিসংগত কারণে মন্ত্রণালয় বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া উক্ত সময়সীমা বর্ধিত করিতে পারিবে;"; এবং

(আ) দফা (ঘ) তে উল্লিখিত "অন্যান্য শ্রেণিভুক্ত" শব্দগুলির পর উল্লিখিত "৫ (পাঁচ)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৬ (ছয়)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

(৫) বিধি ৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) মন্ত্রণালয় কর্তৃক মনোনীত প্রত্যেক জেলা হইতে ১ (এক) জন যুব পুরুষ ও ১ (এক) জন যুব নারীসহ মোট ১২৮ (একশত আটাশ) জন সদস্য, বিশেষ শ্রেণিভুক্ত যুব ৬ (ছয়) জন এবং অন্যান্য শ্রেণিভুক্ত যুব ৬ (ছয়) জনসহ সর্বমোট ১৪০ (একশত চল্লিশ) জন জাতীয় যুব কাউন্সিলের সাধারণ পরিষদের সদস্য হিসাবে বিবেচিত হইবে।"।

(৬) বিধি ১০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১০ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"১০। **কার্যনির্বাহী পরিষদের গঠন, মেয়াদ, ইত্যাদি।** (১) সাধারণ পরিষদের ১৪০ (একশত চল্লিশ) জন সদস্যগণের মধ্যে হইতে নির্বাচিত ১৯ (উনিশ) জন সদস্যের সমন্বয়ে কার্যনির্বাহী পরিষদ গঠিত হইবে।

(২) কার্যনির্বাহী পরিষদ নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | সভাপতি | ১ (এক) জন; |
| (খ) | সহ-সভাপতি | ২ (দুই) জন; [১ (এক) জন পুরুষ ও ১ (এক) জন নারী] |
| (গ) | সাধারণ সম্পাদক | ১ (এক) জন; |
| (ঘ) | যুগ্ম-সম্পাদক | ১ (এক) জন; |
| (ঙ) | কোষাধ্যক্ষ | ১ (এক) জন; |
| (চ) | দপ্তর সম্পাদক | ১ (এক) জন; |
| (ছ) | সমাজকল্যাণ সম্পাদক | ১ (এক) জন; |
| (জ) | আইসিটি, শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক সম্পাদক | ১ (এক) জন; |
| (ঝ) | আন্তর্জাতিক যুব বিষয়ক সম্পাদক | ১ (এক) জন; |
| (ঞ) | মহিলা বিষয়ক সম্পাদক | ১ (এক) জন; |
| (ট) | কার্যনির্বাহী সদস্য | ৮ (আট) জন [প্রত্যেক বিভাগ হইতে ১ (এক) জন]। |

(৩) কার্যনির্বাহী পরিষদের মেয়াদ হইবে ২ (দুই) বছর।"।

(৭) বিধি ১১ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) মন্ত্রণালয় প্রত্যেক জেলা হইতে ১ (এক) জন যুব পুরুষ ও ১ (এক) জন যুব নারীসহ মোট ১২৮ (একশত আটাশ) জন সদস্য মনোনয়ন প্রদান করিবে।";

(খ) উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;

(গ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "তৃতীয় লিঙ্গের ১ (এক)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "হিজড়া ১ (এক)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

(ঘ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৪) মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তরের সুপারিশের ভিত্তিতে অন্যান্য শ্রেণিভুক্ত যুব যথা: জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত সংগঠক ২ (দুই) জন, জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত সফল আত্মকর্মী ২ (দুই) জন, ইয়ুথ ভলান্টিয়ার পুরস্কার প্রাপ্ত ২ (দুই) জন সহ মোট ৬ (ছয়) জন যুবকে মনোনয়ন প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, যোগ্য নারীগণ অগ্রাধিকারপ্রাপ্ত হইবেন।

(৮) তফশিলের—

(ক) ক্রমিক ৭ এর—

(অ) দফা (৪) এর উপ-দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(খ) সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে যুগ্ম-সম্পাদক তাঁহার দায়িত্ব পালন করিবেন; এবং"; এবং

(আ) দফা (৭), দফা (৯), দফা (১২) এবং দফা (১৩) বিলুপ্ত হইবে; এবং

(খ) ক্রমিক ১৪ এর দফা (১) এর—

(অ) উপ-দফা (ঙ) তে উল্লিখিত "শেখ হাসিনা" শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(আ) উপ-দফা (চ) এবং (ছ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (চ) এবং (ছ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(চ) পরিচালক (বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন), যুব উন্নয়ন অধিদপ্তর;

(ছ) পরিচালক (প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর;"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুব-উল-আলম**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**যুব-০২ শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ/২৯ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২৪২-আইন/২০২১।**—যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ (২০১৫ সনের ০৮ নং আইন) এর ধারা ১৯, ধারা ১৩ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা জাতীয় যুব কাউন্সিল (গঠন, কাঠামো, কার্যপদ্ধতি ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "আইন" অর্থ যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ (২০১৫ সনের ০৮ নং আইন);

(খ) "উপজেলা মনোনয়ন কমিটি" অর্থ বিধি ৫ এর উপ-বিধি (১) অনুযায়ী গঠিত উপজেলা মনোনয়ন কমিটি;

(গ) "কমিটি" অর্থ উপজেলা মনোনয়ন কমিটি, জেলা মনোনয়ন কমিটি, কেন্দ্রীয় মনোনয়ন কমিটি এবং জাতীয় স্টিয়ারিং কমিটি;

(ঘ) "কার্যনির্বাহী পরিষদ" অর্থ বিধি ১০ এর উপ-বিধি (১) অনুযায়ী গঠিত জাতীয় যুব কাউন্সিলের কার্যনির্বাহী পরিষদ;

(ঙ) “কেন্দ্রীয় মনোনয়ন কমিটি” অর্থ বিধি ৭ এর উপ-বিধি (১) অনুযায়ী গঠিত কেন্দ্রীয় মনোনয়ন কমিটি;

(চ) “গঠনতন্ত্র” অর্থ বিধি ১৩ তে উল্লিখিত জাতীয় যুব কাউন্সিল এর গঠনতন্ত্র;

(ছ) “জাতীয় যুব কাউন্সিল” অর্থ আইনের ধারা ২ এর দফা (১) এ সংজ্ঞায়িত জাতীয় যুব কাউন্সিল;

(জ) “জাতীয় স্টিয়ারিং কমিটি” অর্থ তফসিলের ক্রমিক নম্বর ১৩ (১) অনুযায়ী গঠিত জাতীয় স্টিয়ারিং কমিটি;

(ঝ) “জেলা মনোনয়ন কমিটি” অর্থ বিধি ৬ এর উপ-বিধি (১) অনুযায়ী গঠিত জেলা মনোনয়ন কমিটি;

(ঞ) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল;

(ট) “পরিষদ” অর্থ জাতীয় যুব কাউন্সিলের সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী পরিষদ;

(ঠ) “মন্ত্রণালয়” অর্থ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;

(ড) “যুব” অর্থ আইনের ধারা ২ এর দফা (৬) এ সংজ্ঞায়িত যুব;

(ঢ) “যুব সংগঠন” অর্থ আইনের ধারা ২ এর দফা (৮) এ সংজ্ঞায়িত যুব সংগঠন; এবং

(ণ) “সাধারণ পরিষদ” অর্থ বিধি ৯ এর উপ-বিধি (১) অনুযায়ী গঠিত জাতীয় যুব কাউন্সিলের সাধারণ পরিষদ।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **জাতীয় যুব কাউন্সিলের কর্মপরিধি।**—জাতীয় যুব কাউন্সিলের কর্মপরিধি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) যুবদের কর্মসংস্থান বা আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে এলাকাভিত্তিক চাহিদা নিরূপণ;

(খ) আধুনিক বিশ্বের যুব সমাজের সহিত সম্পৃক্ততা বৃদ্ধির ক্ষেত্রসমূহ চিহ্নিত করা;

(গ) জাতীয় ও আন্তর্জাতিক যুব ফোরামসমূহের সহিত যোগাযোগ রক্ষা করা;

(ঘ) যুবদের বিভিন্ন সমস্যা সম্পর্কে তথ্য সংগ্রহ, তথ্য বিনিময় ও গবেষণা কার্যক্রম পরিচালনা;

(ঙ) যুবদের উন্নয়নে সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নের কর্মপরিকল্পনা প্রণয়ন এবং উহা বাস্তবায়নকল্পে কৌশল নির্ধারণ;

(চ) সমসাময়িক সামাজিক সমস্যার বিষয়ে যুবদের করণীয় নির্ধারণ এবং এতৎসংক্রান্ত উদ্যোগ গ্রহণ;

(ছ) জাতীয় দুর্যোগসমূহ মোকাবিলায় স্বেচ্ছাসেবামূলক কর্মকাণ্ড হিসাবে সরকারের সহিত যৌথভাবে উদ্যোগ গ্রহণ; এবং

(জ) মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে যুব উন্নয়ন অধিদপ্তরের সহযোগী সংস্থা হিসাবে যুব কার্যক্রম বাস্তবায়ন করা।

৪। **জাতীয় যুব কাউন্সিলের গঠন পদ্ধতি।**—জাতীয় যুব কাউন্সিল নির্বাচন প্রক্রিয়ায় নিম্নরূপ ৩ (তিন) টি কমিটি থাকিবে, যথা :—

(ক) উপজেলা মনোনয়ন কমিটি;

(খ) জেলা মনোনয়ন কমিটি; এবং

(গ) কেন্দ্রীয় মনোনয়ন কমিটি।

৫। **উপজেলা মনোনয়ন কমিটির গঠন ও কার্যপরিধি।**—(১) উপজেলা মনোনয়ন কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :—

(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যিনি উহার উপদেষ্টাও হইবেন;

(খ) উপজেলা নির্বাহী কর্মকর্তা, যিনি উহার সভাপতিও হইবেন;

(গ) উপজেলা কৃষি কর্মকর্তা;

(ঘ) উপজেলা মৎস্য কর্মকর্তা;

(ঙ) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা;

(চ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা;

(ছ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা;

(জ) উপজেলা সমবায় কর্মকর্তা;

(ঝ) স্থানীয় সংসদ কর্তৃক মনোনীত উক্ত উপজেলার ২ (দুই) জন প্রথিতযশা ব্যক্তি যাহাদের মধ্যে ১ (এক) জন পুরুষ ও ১ (এক) জন নারী হইবেন;

(ঞ) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত বেসরকারি সংস্থার (এনজিও) ১ (এক) জন প্রতিনিধি;

(ট) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত যুব সংগঠনের ১ (এক) জন প্রতিনিধি; এবং

(ঠ) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপজেলা মনোনয়ন কমিটির কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) জাতীয় যুব কাউন্সিলের সদস্য হিসাবে অন্তর্ভুক্তির জন্য আগ্রহী প্রার্থীগণের আবেদনসমূহ যাচাই-বাছাই করা;

(খ) আবেদনকারীর সংগঠন এবং উহার সার্বিক কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা;

(গ) আবেদনকারীগণের মধ্য হইতে ১ (এক) জন যুব পুরুষ ও ১ (এক) জন যুব নারী মনোনয়ন প্রদান করিয়া সংশ্লিষ্ট কাগজাদি যে বৎসরের জন্য কাউন্সিল গঠিত হইবে তাহার পূর্বের বৎসরের সেপ্টেম্বর মাসের ৩০ (ত্রিশ) তারিখের মধ্যে জেলা মনোনয়ন কমিটির নিকট সুপারিশ আকারে প্রেরণ করা; এবং

(ঘ) জেলা মনোনয়ন কমিটি উহার এখতিয়ারাধীন এলাকার উপজেলা মনোনয়ন কমিটির সুপারিশের সহিত দ্বিমত পোষণ করিয়া কারণ উল্লেখপূর্বক পুনর্বিবেচনার জন্য ফেরত পাঠাইলে উহা পুনর্বিবেচনা করিয়া যৌক্তিকতা উল্লেখপূর্বক প্রস্তাব প্রেরণ করা।

৬। **জেলা মনোনয়ন কমিটির গঠন ও কার্যপরিধি।**—(১) জেলা মনোনয়ন কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :—

(ক) জেলার সদর আসনের সংসদ সদস্য, যিনি ইহার উপদেষ্টাও হইবেন;

(খ) জেলা প্রশাসক, যিনি ইহার সভাপতিও হইবেন;

(গ) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;

(ঘ) জেলা মৎস্য কর্মকর্তা;

(ঙ) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা;

(চ) উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর;

(ছ) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর;

(জ) জেলা সমবায় কর্মকর্তা;

(ঝ) জেলার সদর আসনের সংসদ কর্তৃক মনোনীত উক্ত জেলার ২ (দুই) জন প্রথিতযশা ব্যক্তি যাহাদের মধ্যে ১ (এক) জন পুরুষ ও ১ (এক) জন নারী হইবেন;

(ঞ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত বেসরকারি সংস্থার (এনজিও) ১ (এক) জন প্রতিনিধি;

(ট) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত যুব সংগঠনের ১ (এক) জন প্রতিনিধি; এবং

(ঠ) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) জেলা মনোনয়ন কমিটির কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) উপজেলা মনোনয়ন কমিটির নিকট হইতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করা;

(খ) উপজেলা মনোনয়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীগণের সংগঠন এবং উহার সার্বিক কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করিয়া প্রতিবেদনের যথার্থতা যাচাই করা;

(গ) উপজেলা মনোনয়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীগণের মধ্য হইতে ১ (এক) জন যুব পুরুষ ও ১ (এক) জন যুব নারী সদস্য নির্বাচন করিয়া প্রার্থীগণের আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ কমিটির কার্যবিবরণী যে বৎসরের জন্য কাউন্সিল গঠিত হইবে তাহার পূর্বের বৎসরের অক্টোবর মাসের ৩১ (একত্রিশ) তারিখের মধ্যে কেন্দ্রীয় মনোনয়ন কমিটির নিকট সুপারিশসহ প্রেরণ করা;

(ঘ) উপজেলা মনোনয়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত সদস্যগণের তালিকার সহিত দ্বিমত পোষণ করিলে উহা পুনর্বিবেচনার জন্য সংশ্লিষ্ট উপজেলা মনোনয়ন কমিটির নিকট ফেরত প্রদান; এবং

(ঙ) কেন্দ্রীয় মনোনয়ন কমিটি জেলা মনোনয়ন কমিটির সুপারিশের সহিত দ্বিমত পোষণ করিয়া পুনর্বিবেচনার জন্য ফেরত পাঠাইলে উহা পুনর্বিবেচনা করিয়া যৌক্তিকতা উল্লেখপূর্বক প্রস্তাব প্রেরণ করা।

৭। **কেন্দ্রীয় মনোনয়ন কমিটির গঠন ও কার্যপরিধি।**—(১) কেন্দ্রীয় মনোনয়ন কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :—

(ক) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) যুগ্মসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;

(গ) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যূন ৫ম গ্রেড বা উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তার নিম্নে নহে এমন ১ (এক) জন কর্মকর্তা;

(ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যূন ৫ম গ্রেড বা উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তার নিম্নে নহে এমন ১ (এক) জন কর্মকর্তা;

(ঙ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যূন ৫ম গ্রেড বা উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তার নিম্নে নহে এমন ১ (এক) জন কর্মকর্তা;

(চ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যূন ৫ম গ্রেড বা উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তার নিম্নে নহে এমন ১ (এক) জন কর্মকর্তা;

(ছ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন ৫ম গ্রেড বা উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তার নিম্নে নহে এমন ১ (এক) জন কর্মকর্তা;

(জ) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উক্ত কর্তৃপক্ষের অন্যূন ৫ম গ্রেড বা উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তার নিম্নে নহে এমন ১ (এক) জন কর্মকর্তা;

(ঝ) পরিচালক (প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর;

(ঞ) পরিচালক (পরিকল্পনা), যুব উন্নয়ন অধিদপ্তর;

(ট) পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর;

(ঠ) পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর;

(ড) পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট;

(ঢ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক মনোনীত আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার ১ (এক) জন প্রতিনিধি;

(ণ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বেসরকারি সংস্থার (এনজিও) ১ (এক) জন প্রতিনিধি;

(ত) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক মনোনীত যুব সংগঠনের ১ (এক) জন প্রতিনিধি; এবং

(থ) পরিচালক (বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন), যুব উন্নয়ন অধিদপ্তর, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) কেন্দ্রীয় মনোনয়ন কমিটির কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) জাতীয় যুব কাউন্সিলের সাধারণ পরিষদ গঠনের লক্ষ্যে জেলা মনোনয়ন কমিটির মাধ্যমে প্রাপ্ত প্রস্তাবের তথ্য-উপাত্ত পর্যালোচনাপূর্বক চূড়ান্তভাবে প্রতি জেলা হইতে ১ (এক) জন করিয়া মোট ৬৪ (চৌষট্টি) জন সদস্য, যাহাদের মধ্যে অন্যূন ২২ (বাইশ) জন যুব নারী হইবে, মনোনয়নপূর্বক যে বৎসরেরের জন্য কাউন্সিল গঠিত হইবে তাহার পূর্বের বৎসরের নভেম্বর মাসের ৩০ (ত্রিশ) তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ :

তবে শর্ত থাকে যে, প্রশাসনিক বা অন্য কোনো যুক্তিসংগত কারণে মন্ত্রণালয় বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া উক্ত সময়সীমা বর্ধিত করিতে পারিবে;

(খ) জেলা মনোনয়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত সদস্যগণের তালিকার সহিত কেন্দ্রীয় মনোনয়ন কমিটি দ্বিমত পোষণ করিলে উহা পুনর্বিবেচনার জন্য সংশ্লিষ্ট জেলা মনোনয়ন কমিটির নিকট ফেরত প্রদান;

(গ) জাতীয় স্টিয়ারিং কমিটি কেন্দ্রীয় মনোনয়ন কমিটির সুপারিশের সহিত দ্বিমত পোষণ করিয়া পুনর্বিচেনার জন্য ফেরত পাঠাইলে উহা পুনর্বিচেনা করিয়া পুনরায় প্রস্তাব প্রেরণ:

তবে শর্ত থাকে যে, প্রয়োজনবোধে, পুনরায় একই প্রস্তাব প্রেরণ করা যাইবে;

(ঘ) জাতীয় যুব কাউন্সিল গঠনের লক্ষ্যে বিশেষ শ্রেণিভুক্ত ৬ (ছয়) জন ও অন্যান্য শ্রেণিভুক্ত ৫ (পাঁচ) জন যুব নারী ও যুব পুরুষ মনোনয়নে মন্ত্রণালয়কে সহায়তা প্রদান; এবং

(ঙ) জাতীয় যুব কাউন্সিলের কোনো সদস্য দেশের প্রচলিত আইন, বিধি-বিধান এবং জাতীয় যুব কাউন্সিলের গঠনতন্ত্র বিরোধী কোনো কার্যক্রমে জড়িত থাকিলে উহা তদন্তপূর্বক সুপারিশসহ জাতীয় স্টিয়ারিং কমিটিতে প্রেরণ।

৮। **জাতীয় যুব কাউন্সিলের গঠন কাঠামো।**—নিম্নরূপ ২ (দুই) টি পরিষদ লইয়া জাতীয় যুব কাউন্সিল গঠিত হইবে, যথা:—

(ক) সাধারণ পরিষদ; এবং

(খ) কার্যনির্বাহী পরিষদ।

৯। **সাধারণ পরিষদের গঠন, মেয়াদ, ইত্যাদি।**—(১) মন্ত্রণালয় কর্তৃক মনোনীত প্রতি জেলা হইতে ১ (এক) জন করিয়া মোট ৬৪ (চৌষট্টি) জন সদস্য, যাহাদের মধ্যে যুব নারী অন্যূন ২২ (বাইশ) জন, বিশেষ শ্রেণিভুক্ত যুব ৬ (ছয়) জন এবং অন্যান্য শ্রেণিভুক্ত যুব ৫ (পাঁচ) জন সহ সর্বমোট ৭৫ (পঁচাত্তর) জন জাতীয় যুব কাউন্সিলের সাধারণ পরিষদের সদস্য হিসাবে বিবেচিত হইবে।

(২) জাতীয় যুব কাউন্সিলের সাধারণ পরিষদের সদস্যগণ ২ (দুই) বৎসর মেয়াদ পর্যন্ত সদস্য হিসাবে বহাল থাকিবে।

১০। **কার্যনির্বাহী পরিষদের গঠন, মেয়াদ, ইত্যাদি।**—(১) সাধারণ পরিষদের ৭৫ (পঁচাত্তর) জন সদস্যগণের মধ্যে হইতে নির্বাচিত ২৭ (সাতাশ) জন সদস্য সমন্বয়ে কার্যনির্বাহী পরিষদ গঠিত হইবে।

(২) কার্যনির্বাহী পরিষদ নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

| | |
|---|---|
| (ক) সভাপতি | ১ (এক) জন; |
| (খ) সহ-সভাপতি | ২ (দুই) জন; |
| (গ) সাধারণ সম্পাদক | ১ (এক) জন; |
| (ঘ) যুগ্ম-সম্পাদক | ২ (দুই) জন; |
| (ঙ) কোষাধ্যক্ষ | ১ (এক) জন; |
| (চ) দপ্তর সম্পাদক | ১ (এক) জন; |
| (ছ) সহ-দপ্তর সম্পাদক | ১ (এক) জন; |
| (জ) সমাজকল্যাণ সম্পাদক | ১ (এক) জন; |
| (ঝ) সহ-সমাজকল্যাণ সম্পাদক | ১ (এক) জন; |
| (ঞ) আইসিটি, শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক সম্পাদক | ১ (এক) জন; |
| (ট) আন্তর্জাতিক যুব বিষয়ক সম্পাদক | ১ (এক) জন; |
| (ঠ) প্রচার সম্পাদক | ১ (এক) জন; |
| (ড) আইন বিষয়ক সম্পাদক | ১ (এক) জন; |
| (ঢ) মহিলা বিষয়ক সম্পাদক | ১ (এক) জন; |
| (ণ) বিভাগীয় প্রতিনিধি [প্রতি বিভাগ হইতে ১ (এক) জন করিয়া] | ৮ (আট) জন; |
| (ত) কার্যনির্বাহী সদস্য | ৩ (তিন) জন। |

(৩) কার্যনির্বাহী পরিষদের মেয়াদ হইবে ২ (দুই) বৎসর।

১১। **জাতীয় যুব কাউন্সিল এর সাধারণ পরিষদের সদস্য নির্বাচন পদ্ধতি।**—(১) কেন্দ্রীয় মনোনয়ন কমিটি প্রতি জেলা হইতে জেলা মনোনয়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত সদস্যগণের মধ্য হইতে সকল তথ্য-উপাত্ত পর্যালোচনাপূর্বক ১ (এক) জন করিয়া মোট ৬৪ (চৌষট্টি) জন সদস্যকে মনোনয়ন প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, ৬৪ (চৌষট্টি) জন সদস্যদের মধ্যে অন্যূন ২২ (বাইশ) জন সদস্য যুব নারী হইবে।

(২) পর্যায়ক্রমে সকল জেলা হইতে যুব নারী সদস্য নির্বাচন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো জেলা হইতে যুব নারী এক বার মনোনীত হইলে তাহার আবর্তনকাল শেষ না হওয়া পর্যন্ত ঐ জেলা হইতে পুনরায় কোনো যুব নারী সদস্য নির্বাচন করা যাইবে না।

(৩) মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তরের সুপারিশের ভিত্তিতে বিশেষ চাহিদাসম্পন্ন যুব, উদ্যোগী যুব, ক্রীড়াবিদ, ক্ষুদ্র নৃ- তাত্ত্বিকগোষ্ঠী, দলিত, তৃতীয় লিঙ্গের ১ (এক) জন করিয়া মোট ৬ (ছয়) জন বিশেষ শ্রেণিভুক্ত যুব মনোনয়ন প্রদান করিবে, যাহাদের মধ্যে অন্যূন ২ (দুই) জন যুব নারী হইবে।

(৪) মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তরের সুপারিশের ভিত্তিতে অন্যান্য শ্রেণিভুক্ত যুব যথা: জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত সংগঠক ২ (দুই) জন, আত্মকর্মী ২ (দুই) জন, প্রশিক্ষণপ্রাপ্ত যুবক ১ (এক) জন সহ মোট ৫ (পাঁচ) জন যুবকে মনোনয়ন প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, যোগ্য নারীগণ অগ্রাধিকারপ্রাপ্ত হইবেন।

**১২। জাতীয় যুব কাউন্সিলের সদস্য নির্বাচনের শর্তাবলি**—জাতীয় যুব কাউন্সিলের সদস্যগণকে নিম্নলিখিত শর্তাবলি অনুসরণ করিয়া নির্বাচন করিতে হইবে, যথা:—

(ক) সদস্যগণের বয়সসীমা ১৮ (আঠারো)—৩৫ (পঁয়ত্রিশ) বৎসর হইতে হইবে;

(খ) যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত অথবা স্বীকৃতিপ্রাপ্ত যুব সংগঠনের সদস্য হইতে হইবে;

(গ) শিক্ষাগত যোগ্যতা অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) বা সমমানের হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো যোগ্য যুব নারী পাওয়া না গেলে, সেই ক্ষেত্রে উক্ত নারীর শিক্ষাগত যোগ্যতা অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি) বা সমমানের হইতে হইবে;

(ঘ) যুব সংগঠক হিসাবে যুব পুরুষ সদস্যগণের ক্ষেত্রে অন্যূন ৩ (তিন) বৎসর এবং যুব নারী সদস্যগণের ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের কার্যের অভিজ্ঞতা থাকিতে হইবে।

**ব্যাখ্যা।**—এই দফায় "যুব সংগঠক" অর্থ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত বা স্বীকৃতিপ্রাপ্ত যুব সংগঠনের ১৮ (আঠারো)—৩৫ (পঁয়ত্রিশ) বৎসর বয়সী সক্ষম ও সক্রিয় সদস্যকে বুঝাইবে যিনি যুব কার্যক্রমসহ বিভিন্ন সমাজসেবামূলক কর্মকাণ্ডে যুব সমাজকে উদ্বুদ্ধ করিতে উল্লেখযোগ্য ও অনুকরণীয় ভূমিকা পালন করিতেছেন;

(ঙ) কমিউনিটি উন্নয়ন বা সমাজ উন্নয়নমূলক কর্মকাণ্ডের সহিত সম্পৃক্ত থাকিতে হইবে এবং নিম্নবর্ণিত বিষয়ে তাহার প্রত্যয়ন থাকিতে হইবে, যথা:—

(অ) যুব নেতৃত্ব বিকাশে ভূমিকা, দক্ষতামূলক কার্যক্রম, নিরক্ষতা দূরীকরণ, কারিগরি প্রশিক্ষণ ও প্রযুক্তি উন্নয়ন ও উদ্ভাবনে ভূমিকা;

(আ) কর্মসংস্থানে নূতন ক্ষেত্র উদ্ভাবন, প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার, পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপণ, জঙ্গি ও সন্ত্রাসবাদ প্রতিরোধে সচেতনতা সৃষ্টি ও জনসংখ্যা নিয়ন্ত্রণে ভূমিকা;

(ই) স্থানীয় সরকারের সহিত আইন-শৃঙ্খলা উন্নয়ন কর্মকাণ্ড, ধূমপান ও মাদক বিরোধী অভিযানে সহায়তা;

(ঈ) মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, এসটিডি বা এইডস, স্যানিটেশন কার্যক্রমে অংশগ্রহণ;

(উ) বায়োগ্যাস প্রকল্প, সৌরচুল্লি, পরিষ্কার-পরিচ্ছন্নতা, দুর্যোগ অথবা মহামারি মোকাবিলায় অংশগ্রহণ, বাল্যবিবাহ, বহুবিবাহ ও যৌতুক বিরোধী আন্দোলনে ভূমিকা; এবং

(ঊ) ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডসহ বিভিন্ন সমাজ উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ এবং তাহার ভূমিকা।

১৩। **জাতীয় যুব কাউন্সিলের গঠনতন্ত্র।**—(১) তফসিল অনুসারে জাতীয় যুব কাউন্সিলের গঠনতন্ত্র প্রণীত হইবে।

(২) গঠনতন্ত্রের কোনো বিধান পরিবর্তন, সংশোধন বা সংযোজনের প্রয়োজন হইলে গঠনতন্ত্রে উল্লিখিত নিয়মানুযায়ী সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী পরিষদের সদস্যগণের সম্মতিতে সংশোধন করা যাইবে।

## তফসিল

**[বিধি ১৩ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]**

### জাতীয় যুব কাউন্সিলের গঠনতন্ত্র

১। **সংগঠনের নাম।**—ইহা জাতীয় যুব কাউন্সিল নামে অভিহিত হইবে।

২। **ঠিকানা।**—প্রধান কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।

৩। **জাতীয় যুব কাউন্সিলের অধিক্ষেত্র।**—জাতীয় যুব কাউন্সিল সমগ্র বাংলাদেশব্যাপী যুবদের উন্নয়নে উহার কার্যক্রম পরিচালনা করিবে।

৪। **জাতীয় যুব কাউন্সিলের প্রকৃতি।**—(১) জাতীয় যুব কাউন্সিল একটি অলাভজনক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান হইবে।

(২) জাতীয় পর্যায়ে যুব সংগঠনসমূহের উন্নয়নে পৃষ্ঠপোষকতা প্রদান এবং উহাদের কার্যক্রম সমন্বয় করিবার জন্য জাতীয় যুব কাউন্সিল গঠিত হইবে।

(৩) জাতীয় যুব কাউন্সিলের মেয়াদ হইবে ২ (দুই) বৎসর।

(৪) জাতীয় যুব কাউন্সিল জাতীয় যুবনীতি, ২০১৭ এর আলোকে যুবদের কল্যাণে যাবতীয় কার্যক্রম পরিচালনা করিবে।

(৫) জাতীয় যুব কাউন্সিল দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুবদের অংশগ্রহণ নিশ্চিত করিবে।

৫। **জাতীয় যুব কাউন্সিলের লক্ষ্য ও উদ্দেশ্য।**—জাতীয় যুব কাউন্সিলের লক্ষ্য ও উদ্দেশ্য হইবে নিম্নরূপ, যথা:—

(ক) যুবদের সামাজিক মর্যাদা বৃদ্ধিতে সহায়তা করা;

(খ) দারিদ্র্য বিমোচন, আর্থ-সামাজিক উন্নয়ন ও অর্থনৈতিক কর্মকাণ্ডে বিশেষ অবদান রাখিবার ক্ষেত্রে যুবগোষ্ঠীর মাঝে আগ্রহ-উদ্দীপনা ও প্রতিযোগিতার মনোভাব সৃষ্টি করা;

(গ) বেকারত্ব নিরসন ও আত্মসচেতনতা বৃদ্ধিসহ দেশের সার্বিক উন্নয়নে সম্পৃক্ত হইবার জন্য যুবদের অনুপ্রাণিত করা;

(ঘ) যুববান্ধব নীতি প্রণয়নের ক্ষেত্রে যুবদের সম্পৃক্ত করা;

(ঙ) যুব নেতৃত্ব সৃষ্টি করা;

(চ) যুব বিনিময় কর্মসূচি পালন করা;

(ছ) যুব ক্ষমতায়ন নিশ্চিত করা; এবং

(জ) সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত যে কোনো বিষয়।

৬। **কাউন্সিলের সাধারণ পরিষদের ক্ষমতা ও দায়িত্ব।**—কাউন্সিলের সাধারণ পরিষদের ক্ষমতা ও দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) কাউন্সিলের স্বার্থে সাধারণ পরিষদ যে কোনো আইনানুগ সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং সাধারণ পরিষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে;

(খ) বিগত সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন করিবে;

(গ) কার্যনির্বাহী পরিষদ কর্তৃক গৃহীত মৌলিক সিদ্ধান্ত এবং গঠনতন্ত্র পরিবর্তন সংক্রান্ত সিদ্ধান্ত সাধারণ পরিষদের অন্যূন দুই-তৃতীয়াংশ সদস্যের সম্মতিতে অনুমোদন করিবে; এবং

(ঘ) কাউন্সিলের যে কোনো গুরুত্বপূর্ণ বিষয়ে কার্যনির্বাহী পরিষদ সাধারণ পরিষদের মতামত গ্রহণ করিবে।

৭। **কার্যনির্বাহী পরিষদের সদস্যগণের দায়িত্ব ও কর্তব্য।**—কার্যনির্বাহী পরিষদের সদস্যগণের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা :—

(১) **সভাপতি :**—

(ক) তিনি কার্যনির্বাহী পরিষদের সভা, বার্ষিক বা বিশেষ সাধারণ সভা বা অন্য যে কোনো সভায় সভাতিত্ব করিবেন এবং সাধারণ সম্পাদককে সভা আহ্বানের পরামর্শ প্রদান করিবেন;

(খ) তিনি প্রয়োজনবোধে, নিজে কাউন্সিলের সভা আহ্বান করিবেন;

(গ) তিনি কাউন্সিলের সদস্যদের মতামতের ভিত্তিতে নীতিমালা ও পরিচালনার নিয়মাবলি নির্ধারণ করিবেন;

(ঘ) সকল বিভাগীয় কর্মকর্তাগণের কার্য তদারকি, পরামর্শ ও উৎসাহ প্রদানসহ উক্ত কাউন্সিলের পক্ষে যে কোনো সভা, সিম্পোজিয়াম, সেমিনারে প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ ও যে কোনো অতিথিকে অভ্যর্থনা ও সাক্ষাৎকার প্রদান করিবেন;

(ঙ) কাউন্সিলের কার্যবিবরণী অনুমোদন করিবেন;

(চ) কাউন্সিলের সকল ব্যয় ভাউচার অনুমোদন করিবেন;

(ছ) সাধারণ সম্পাদকের সহিত পরামর্শক্রমে সকল কার্যাবলি তদারকি ও পরামর্শ প্রদান করিবেন;

(জ) কাউন্সিলের ভাবমূর্তি রক্ষার্থে সর্বদা তৎপর থাকিবেন; এবং

(ঝ) কোনো সদস্যের অনুপস্থিতিতে তাহার কার্য পরিচালনার জন্য কার্যনির্বাহী পরিষদের অন্য কোনো সদস্যকে মনোনয়ন প্রদান করিতে পারিবেন।

(২) **সহ-সভাপতি :**—

(ক) সভাপতির সকল কার্যে সহযোগিতা করিবেন;

(খ) সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি ১ এবং সহ-সভাপতি ১ এর অনুপস্থিতিতে সহ-সভাপতি ২ দায়িত্ব পালন করিবেন; এবং

(গ) নির্বাহী পরিষদ কর্তৃক অর্পিত দায়িত্ব সম্পাদন করিবেন।

(৩) সাধারণ সম্পাদক :—

(ক) কাউন্সিলের স্থাবর বা অস্থাবর সম্পদের হিসাব সংরক্ষণ করিবেন এবং কার্যনির্বাহী পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী সংরক্ষণ করিবেন;

(খ) কাউন্সিলের বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন তৈরি করিবেন এবং কার্যনির্বাহী পরিষদের অনুমোদনক্রমে তাহা সাধারণ সভায় পেশ ও প্রচার করিবেন এবং কাউন্সিলের অন্যান্য কার্যক্রম জনসমক্ষে তুলিয়া ধরিবেন;

(গ) কাউন্সিলের সদস্যগণের তালিকা সংরক্ষণ করিবেন ও কাউন্সিলের কার্যক্রম সম্বন্ধে তাহাদিগকে অবহিত করিবেন;

(ঘ) সহযোগী ও সহকর্মীদের মধ্যে যোগাযোগ রক্ষা করিবেন, কাউন্সিলের নথিপত্র সংরক্ষণ করিবেন এবং সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করিবার ব্যবস্থা গ্রহণ করিবেন;

(ঙ) সভাপতির পরামর্শক্রমে কাউন্সিলের সকল সভা আহবান ও সভার দিন তারিখ নির্ধারণ করিবেন এবং সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করিবেন; এবং

(চ) বার্ষিক সাধারণ সভায় কাউন্সিলের আর্থিক ও কার্যক্রমভিত্তিক বার্ষিক প্রতিবেদন পেশ করিবেন।

(৪) যুগ্ম-সম্পাদক :—

(ক) সাধারণ সম্পাদকের সকল কার্যে সহযোগিতা করিবেন;

(খ) সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে যুগ্ম-সম্পাদক ১ এবং যুগ্ম-সম্পাদক ১ এর অনুপস্থিতিতে যুগ্ম-সম্পাদক ২ তাহার দায়িত্ব পালন করিবেন; এবং

(গ) নির্বাহী পরিষদের অর্পিত দায়িত্ব সম্পাদন করিবেন।

(৫) কোষাধ্যক্ষ :—

(ক) কাউন্সিলের অর্থ সংক্রান্ত হিসাব-নিকাশ রেকর্ড বুকে সংরক্ষণ করিবেন;

(খ) কাউন্সিলের বার্ষিক বাজেট প্রণয়নে সভাপতি ও সাধারণ সম্পাদককে সকল প্রকার সহায়তা প্রদান করিবেন; এবং

(গ) সভাপতি ও সাধারণ সম্পাদকের পরামর্শক্রমে ব্যাংক ও অর্থলগ্নি প্রতিষ্ঠানের সহিত কাউন্সিলের অর্থ সংক্রান্ত বিষয়ে সর্বদা যোগাযোগ বজায় রাখিবেন।

(৬) **দপ্তর সম্পাদক :—**

(ক) কাউন্সিলের দপ্তর বিষয়ক দায়িত্ব পালন করিবেন;

(খ) সভাপতি ও সাধারণ সম্পাদকের কার্যে সহযোগিতা প্রদান করিবেন; এবং

(গ) নির্বাহী পরিষদের অর্পিত দায়িত্ব সম্পাদন করিবেন।

(৭) **সহ-দপ্তর সম্পাদক :—**

(ক) দপ্তর সম্পাদকের সকল কার্যে সহযোগিতা করিবেন;

(খ) দপ্তর সম্পাদকের অনুপস্থিতিতে তাহার দায়িত্ব পালন করিবেন; এবং

(গ) নির্বাহী পরিষদের অর্পিত দায়িত্ব সম্পাদন করিবেন।

(৮) **সমাজকল্যাণ সম্পাদক :—**

(ক) কাউন্সিলের সমাজকল্যাণ বিষয়ক দায়িত্ব পালন করিবেন;

(খ) সভাপতি ও সাধারণ সম্পাদকের কার্যে সহযোগিতা প্রদান করিবেন; এবং

(গ) নির্বাহী পরিষদের অর্পিত দায়িত্ব সম্পাদন করিবেন।

(৯) **সহ-সমাজকল্যাণ সম্পাদক :—**

(ক) সমাজকল্যাণ সম্পাদকের সকল কার্যে সহযোগিতা করিবেন;

(খ) সমাজকল্যাণ সম্পাদকের অনুপস্থিতিতে তাহার দায়িত্ব পালন করিবেন; এবং

(গ) নির্বাহী পরিষদের অর্পিত দায়িত্ব সম্পাদন করিবেন।

(১০) **আইসিটি, শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক সম্পাদক :—**

(ক) কাউন্সিলের আইসিটি, শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক দায়িত্ব পালন করিবেন;

(খ) সভাপতি ও সাধারণ সম্পাদকের কার্যে সহযোগিতা প্রদান করিবেন; এবং

(গ) নির্বাহী পরিষদের অর্পিত দায়িত্ব সম্পাদন করিবেন।

(১১) **আন্তর্জাতিক যুব বিষয়ক সম্পাদক :—**

(ক) জাতিসংঘসহ সকল আন্তর্জাতিক যুব সংগঠন ও কাউন্সিলের সহিত যোগাযোগ রক্ষা করিবেন;

(খ) আন্তর্জাতিক যোগাযোগের ক্ষেত্রে ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করিবেন; এবং

(গ) নির্বাহী পরিষদের অর্পিত দায়িত্ব সম্পাদন করিবেন।

**(১২) প্রচার সম্পাদক :—**

(ক) কাউন্সিলের যাবতীয় প্রচারণা কার্য পরিচালনা করিবেন;

(খ) নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে সকল প্রকার মুদ্রণ, প্রচার, প্রকাশনা সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করিবেন; এবং

(গ) নির্বাহী পরিষদের অর্পিত দায়িত্ব সম্পাদন করিবেন।

**(১৩) আইন বিষয়ক সম্পাদক :—**

(ক) কাউন্সিলের আইনগত বিষয়াদি বিধিমালার আলোক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করিবেন;

(খ) কাউন্সিল সুষ্ঠুভাবে পরিচালনা, প্রয়োজনবোধে বিধি বা ম্যানুয়াল সংশোধন, সংযোজনের উদ্যোগ গ্রহণ করিবেন এবং এতৎসংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন করিবেন; এবং

(গ) নির্বাহী পরিষদের অর্পিত দায়িত্ব সম্পাদন করিবেন।

**(১৪) মহিলা বিষয়ক সম্পাদক :—**

(ক) কাউন্সিলের পক্ষে নারী প্রতিনিধি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন;

(খ) জাতীয় পর্যায়ে যুব নারীদের ক্ষমতায়ন এবং যুব নারী উদ্যোক্তাদের সুযোগ-সুবিধা বৃদ্ধির ক্ষেত্রে সকল ধরনের প্রয়াস চালাইবেন এবং তদনুযায়ী কার্যক্রম সম্পাদন করিবেন; এবং

(গ) নির্বাহী পরিষদের অর্পিত দায়িত্ব সম্পাদন করিবেন।

৮। **সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী পরিষদ কর্তৃক সভা আহ্বান।**—(১) সাধারণ পরিষদ বৎসরে ২(দুই) বার সাধারণ সভা এবং এক বা একাধিক বার জরুরি ও বিশেষ সাধারণ সভা আহ্বান করিতে পারিবে।

(২) কার্যনির্বাহী পরিষদ প্রতি মাসে ১(এক) বার কার্যনির্বাহী সভা, এক বা একাধিক বার জরুরি সভা আহ্বান করিতে পারিবে এবং প্রয়োজনবোধে মুলতবি সভা ও তলবি সভা আহ্বান করিতে পারিবে।

৯। **জাতীয় যুব কাউন্সিলের কার্যালয়।**—কাউন্সিলের কার্যক্রম পরিচালনার জন্য একটি নির্দিষ্ট স্থায়ী বা অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয় থাকিবে;

তবে শর্ত থাকে যে, কাউন্সিলের নিজস্ব কার্যালয় স্থাপিত না হওয়া পর্যন্ত যুব উন্নয়ন অধিদপ্তরের কেন্দ্রীয় কার্যালয়ের নির্দিষ্ট কক্ষে অস্থায়ী কার্যালয়ের কার্যক্রম পরিচালিত হইবে।

১০। **তহবিল ব্যবস্থাপনা**।—(১) জাতীয় যুব কাউন্সিলের একটি তহবিল থাকিবে।

(২) সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থ, বিভিন্ন উন্নয়ন সংস্থা কর্তৃক প্রদত্ত অনুদান, সরকারি ও বেসরকারি সংস্থা কর্তৃক পরিচালিত প্রকল্পের অর্থ, বিভিন্ন কোম্পানীর সি এস আর ফান্ড হইতে প্রাপ্ত অর্থ, ব্যক্তিগত অনুদান তহবিলের উৎস হইবে।

(৩) তহবিলের অর্থ ব্যয় করিবার ক্ষেত্রে বার্ষিক আয়-ব্যয়ের বিবরণী কার্যনির্বাহী পরিষদ কর্তৃক প্রস্তুত করিয়া সাধারণ পরিষদ ও জাতীয় স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৪) তহবিল ব্যবস্থাপনার জন্য সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ এর যৌথ স্বাক্ষরে যে কোনো তফসিলি ব্যাংকে একটি হিসাব চালু করিতে হইবে।

(৫) ব্যাংক হিসাব হইতে অর্থ উত্তোলনের জন্য শুধু চেকবহি ব্যবহার করিয়া সভাপতি ও সাধারণ সম্পাদক বা কোষাধ্যক্ষ এর যৌথ স্বাক্ষরে চেক ইস্যু করা যাইবে।

১১। **কার্যনির্বাহী পরিষদের শূন্যপদ পূরণ**।—কার্যনির্বাহী পরিষদের কোনো পদ শূন্য হইলে সাধারণ পরিষদের সদস্যগণের মধ্য হইতে সাধারণ সভার মাধ্যমে অবশিষ্ট মেয়াদের জন্য কো-অপ্ট করিয়া শূন্যপদ পূরণ করা যাইবে।

১২। **সদস্যপদ বাতিলকরণ**।—(১) সাধারণ পরিষদের কোনো সদস্য কর্তৃক কাউন্সিলের গঠনতন্ত্র বিরোধী কোনো কার্য বা আর্থিক অনিয়ম সংঘটিত হইলে কার্যনির্বাহী পরিষদ তাহার সদস্যপদ বাতিল করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, সদস্যপদ বাতিলের সিদ্ধান্তের বিষয়ে পরবর্তী সাধারণ সভায় অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(২) কার্যনির্বাহী পরিষদের কোনো সদস্য কর্তৃক কাউন্সিলের গঠনতন্ত্র বিরোধী কোনো কার্য বা আর্থিক অনিয়ম সংঘটিত হইলে কেন্দ্রীয় মনোনয়ন কমিটির সভাপতি হিসাবে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সংশ্লিষ্ট সদস্যের সদস্যপদ বাতিলের সুপারিশ করিলে জাতীয় স্টিয়ারিং কমিটি ঐ সদস্যের সদস্যপদ বাতিল করিতে পারিবে।

(৩) সাধারণ পরিষদ বা কার্যনির্বাহী পরিষদের কোনো সদস্য অপ্রকৃতিস্থ হইলে, দেউলিয়া ঘোষিত হইলে বা ফৌজদারি মামলায় সাজাপ্রাপ্ত হইলে তাহার সদস্যপদ তাৎক্ষণিকভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

১৩। **জাতীয় যুব কাউন্সিলের কার্যক্রম তদারকি**।—(১) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর এর সহিত পরামর্শক্রমে, জাতীয় যুব কাউন্সিলের কার্যক্রম পরিচালনা করিবে।

(২) মহাপরিচালক, প্রয়োজনবোধে, জাতীয় যুব কাউন্সিলের যে কোনো কার্যক্রম তদারকি করিতে পারিবে।

(৩) মহাপরিচালক, কাউন্সিলের, উদ্ভূত যে কোনো সমস্যা জাতীয় স্টিয়ারিং কমিটির পরামর্শক্রমে নিরসন করিতে পারিবে।

(৪) তফসিলের ক্রমিক নম্বর ১২ (১), (২) ও (৩) এর অধীন গৃহীত সিদ্ধান্ত জাতীয় স্টিয়ারিং কমিটির সভায় অনুমোদিত হইতে হইবে।

১৪। **জাতীয় যুব কাউন্সিল পরিচালনার জন্য স্টিয়ারিং কমিটি।**—(১) জাতীয় যুব কাউন্সিল এর কার্যক্রম মনিটরিং এবং উহার কার্যক্রম অনুমোদনের জন্য একটি জাতীয় স্টিয়ারিং কমিটি থাকিবে। উক্ত স্টিয়ারিং কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :—

(ক) মাননীয় মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, যিনি উহার সহ-সভাপতি হইবেন;

(গ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর যুব অনুবিভাগের প্রধান পদমর্যাদার অতিঃসচিব বা যুগ্মসচিব;

(ঘ) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর;

(ঙ) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট;

(চ) পরিচালক (বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন), যুব উন্নয়ন অধিদপ্তর;

(ছ) পরিচালক (পরিকল্পনা), যুব উন্নয়ন অধিদপ্তর;

(জ) সমাজকল্যাণ মন্ত্রণালয় এর অন্যূন যুগ্মসচিব বা সমপদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা;

(ঝ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর অন্যূন যুগ্মসচিব বা সমপদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা

(ঞ) মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর অন্যূন যুগ্মসচিব বা সমপদমর্যাদার ১(এক) জন কর্মকর্তা;

(ট) আইসিটি বিভাগ এর অন্যূন যুগ্মসচিব বা সমপদমর্যাদার ১ (এক) জন্য কর্মকর্তা;

(ঠ) কৃষি মন্ত্রণালয় এর অন্যূন যুগ্মসচিব বা সমপদমর্যাদার ১ (এক) জন্য কর্মকর্তা;

(ড) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর অন্যূন যুগ্মসচিব বা সমপদমর্যাদার ১ (এক) জন্য কর্মকর্তা;

(ঢ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর অন্যূন যুগ্মসচিব বা সমপদমর্যাদার ১ (এক) জন্য কর্মকর্তা;

(ণ) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত ১ (এক) জন প্রতিনিধি;

(ত) জাতীয় যুব কাউন্সিলের প্রতিনিধি ২ (দুই) জন [পদাধিকারবলে সভাপতি ও অন্য ১ (এক) জন যুব নারী সদস্য]

(থ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক মনোনীত আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার ১ (এক) জন্য প্রতিনিধি;

(দ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বেসরকারি সংস্থার (এনজিও) প্রতিনিধি ১ (এক) জন;

(ধ) যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক মনোনীত ১৫ (পনেরো) হইতে অনূর্ধ্ব ১৮ (আঠারো) বৎসর বয়সী পর্যবেক্ষক ১ (এক) জন;

(ন) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক মনোনীত ২ (দুই) জন ব্যক্তি, যাহাদের মধ্যে ১ (এক) জন পুরুষ ও ১ (এক) জন নারী হইবেন;

(প) যুগ্মসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

২। জাতীয় স্টিয়ারিং কমিটি প্রতি ৬ (ছয়) মাস অন্তর জাতীয় যুব কাউন্সিলের কার্যক্রম পর্যালোচনা করিবার লক্ষ্যে সভা আহ্বান করিবে;

তবে শর্ত থাকে যে, প্রয়োজনবোধে, উক্ত কমিটি বৎসরের যে কোনো সময় এক বা একাধিক বার জরুরি সভা আহ্বান করিতে পারিবে।

(৩) জাতীয় যুব কাউন্সিলের সকল সিদ্ধান্ত জাতীয় স্টিয়ারিং কমিটির সভায় অনুমোদন করা হইবে এবং জাতীয় যুব কাউন্সিলের জন্য প্রয়োজনীয় করণীয় বিষয়ে নির্দেশনাসহ সিদ্ধান্ত গ্রহণ করিবে।

১৫। **গঠনতন্ত্র সংশোধনের ক্ষমতা।**—(১) গঠনতন্ত্রের যে কোনো বিধান সংশোধন বা পরিমার্জন করিবার প্রয়োজন হইলে কার্যনির্বাহী সদস্যগণের সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় গৃহীত হইবার পর সাধারণ পরিষদের সদস্যগণের সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় প্রস্তাব গ্রহণ করিয়া অনুমোদনের জন্য জাতীয় স্টিয়ারিং কমিটিতে প্রেরণ করিতে হইবে।